# 2022

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each question.*

## UNIT – I (Prose)

### 'ক' গুচ্ছ ঃ (গদ্যাংশ)

১, ২ ও ৩ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে – ক, খ, গ।
প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।

১। 'সেই অন্ধকারের মধ্যে অশ্বের ক্ষুরধ্বনি, হস্তীর বৃংহিত, অস্ত্রের ঝঞ্ঝনা,' – 'বৃংহিত' শব্দের অর্থ – ১

(ক) হাতির ডাক।

(খ) হাতির দাঁত।

(গ) হাতির পাল।

২। ‘আমরা একদিকে প্রস্তরীভূত প্রেমাশ্রুরূপী তাজমহল যেমন নির্মাণ করিয়াছি’ — তাজমহল নির্মাণ করিয়েছিলেন — ১

(ক) সম্রাট আকবর।

(খ) সম্রাট জাহাঙ্গীর।

(গ) সম্রাট শাজাহান।

৩। প্রাচীন ভারতে গ্রামের কয়টি বিভাগ ছিল ? ১

(ক) তিনটি।

(খ) চারটি।

(গ) পাঁচটি।

৪। ভারতবর্ষীয় সভ্যতা যে ঐক্যকে আশ্রয় করেছে তা বিরোধমূলক না মিলনমূলক ? ১

৫। ‘আপ্তবাক্য’ শব্দের অর্থ কী ? ১

৬। সাহিত্যের চর্চার জন্য কী চাই ? ১

৭। ‘জাহাজের খালাসীরা তখন জেটির উপরে দড়ি ছুড়িয়া ফেলিতেছিল,’ — জেটি কী ? ১

৮। ‘ডারউইন লক্ষ্য করেছিলেন, সাদা বেড়ালের নীল চোখ থাকলে সে কালা হয়।’ — ডারউইন কে ? তাঁর প্রবর্তিত মতবাদের নাম কী ? ২

৯। ‘তবে এ বস্তুটি পকেটে কেন ?’ — নিমাইবাবু কার পকেটে কোন বস্তুটি পেয়েছিলেন ? ২

১০। ‘আমরা মেগাস্থিনিসের বিবরণ অবলম্বনে বলিতে পারি যে,’ — মেগাস্থিনিস কে ? তিনি কোন দেশের অধিবাসী ছিলেন ? ২

১১। ভারতবর্ষের যে ইতিহাস আমরা পড়ি, তাকে লেখক নিশীথ কালের একটি দুঃস্বপ্ন কাহিনী মাত্র কেন বলেছেন ? ৩

১২। 'ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়' — কোন প্রসঙ্গে লেখক এ কথা বলেছেন ? ৩

১৩। 'রাজবিদ্রোহী' গদ্যাংশে গিরীশ মহাপাত্রের পোষাক পরিচ্ছেদের বিবরণ দাও। ৩

১৪। 'প্রাচীন ভারতে রাজকার্য পরিচালনার জন্য অমাত্যসভা ছিল' — অমাত্যসভায় কে নেতৃত্ব করতেন ? অমাত্যসভায় কোন শ্রেণী থেকে কতজন সদস্য মনোনীত করা হত ? ৩

১৫। 'গত একশ দেড়শ বৎসরের মধ্যে এক নূতন রকম আপ্তবাক্য সকল দেশের জনসাধারণকে অভিভূত করেছে - বিজ্ঞাপন।' — বিজ্ঞাপন কিভাবে জনসাধারণকে বিভ্রান্ত করছে পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা কর। ৫

## UNIT – II (Poetry)

### 'খ' গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৬ ও ১৭ নম্বর প্রশ্নের তিনটি করে উত্তর দেওয়া আছে ক, খ, গ। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।

১৬। 'ত্রিদিবে দেবতা নাও যদি থাকে ধরায় দেবতা চাহি গো চাহি,' — 'ত্রিদিব' শব্দের অর্থ — ১

(ক) স্বর্গ।

(খ) মর্ত্য।

(গ) পাতাল।

১৭। ‘রবিপ্রণাম’ কবিতাটির রচয়িতা — ১

(ক) নবীন চন্দ্র সেন।

(খ) কামিনী রায়।

(গ) অজিত দত্ত।

১৮। ‘তোমার মায়ায় মুগ্ধ মানবের মন,’ — কার মায়ায় মানুষের মন মুগ্ধ ? ১

১৯। ‘এই রণভূমে বাঁশীর কিশোর গাহিলেন মহাগীতা,’ — ‘বাঁশীর কিশোর’ বলে কাকে বোঝানো হয়েছে ? ১

২০। ‘এই কার্তিকের নবান্নের দেশে’ — নবান্ন কী ? ১

২১। ‘আমা সঙ্গে সওদা কর না পাবে কপট।’ — কে কাকে কথাগুলো বলেছে ? ২

২২। ‘মানুষের অধিকারে বঞ্চিত করেছ যারে’ — কারা কাদের অধিকার বঞ্চিত করেছে ? ২

২৩। ‘সূর্য তার দীপ্তি হতে কারেও বঞ্চিত করে নাই’। — পংক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ২

২৪। ‘কোথা হে বণিকরাজ বিশেষ আছয়ে কায

আমি আইলাম সেই হেতু।’

— কে কার উদ্দেশ্যে কথাগুলো বলেছে ? বক্তা কী কাজের জন্য বণিকের কাছে এসেছিল? ৩

২৫। ‘যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে,

পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে’ — ব্যাখ্যা কর। ৩

২৬। 'কোরাণ–পুরাণ–বেদ–বেদান্ত–বাইবেল–ত্রিপিটক'

— টীকা লেখ ঃ ত্রিপিটক। ৩

২৭। 'আবার আসিব ফিরে' কবিতাটির বক্তব্য বিষয় সংক্ষেপে বর্ণনা কর। ৫

## UNIT – III (Reading)

### 'গ' গুচ্ছ ঃ (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর লিখ ঃ

বাউলদের মধ্যে জাতি ধর্ম সম্প্রদায়ের কোনো ভেদাভেদ নেই। বাউল সাধকদের প্রামাণিক জীবনকথা জানার উপায় নেই। বাউল সঙ্গীতকারদের মধ্যে লালন ফকির, পাঞ্চ শাহ ও মদন বাউলের নাম সুবিখ্যাত।

লালন ফকিরের জন্ম হয় আনুমানিক ১৭৭৫ খ্রিষ্টাব্দে নদীয়ার অন্তর্গত কুষ্ঠিয়ার ভাঁড়ুরা গ্রামে। বিবাহের পর তীর্থযাত্রায় বেরিয়ে তিনি পথিমধ্যে নিদারুণ বসন্ত রোগে আক্রান্ত হন। সঙ্গীসাথীরা তাঁকে পরিত্যাগ করে। সিরাজ সাঁই নামক জনৈক মুসলিম দরবেশ মুমূর্ষু লালনকে সেবা শুশ্রূষা করেন। লালন পরে সিরাজ সাঁইয়ের নিকট ফকিরী ধর্মের দীক্ষা নেন। লালন গুরুর কাছে সাধন পথে সিদ্ধিলাভের যে নির্দেশ পান, তা তিনি জনসাধারণের মধ্যে প্রচারে আত্মনিয়োগ করেন। হিন্দু ও মুসলমান উভয় ধর্মের বহু মানুষ তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। কুষ্ঠিয়ার নিকটবর্তী কালীগঙ্গার ধারে সেওরিয়া গ্রামে তাঁর আখড়া ছিল। সেখানেই তিনি বাস করতেন। মানুষের ধর্মই ছিল তাঁর ধর্ম। প্রতি বছর তিনি একটি প্রীতি উৎসব করতেন। এতে সকল শিষ্য প্রশিষ্য যোগদান করতেন। সুদীর্ঘ জীবনে লালন অজস্র বাউল গান রচনা করেছেন।

লালনের স্বহস্ত লিখিত কোনো গানের খাতা বা পুঁথি পাওয়া যায় নি। আশ্রমের শিষ্যরা গুরুর মুখনিঃসৃত গান খাতায় টুকে রাখতেন। রবীন্দ্রনাথ ঠাকুর বাউল গানের ঐশ্বর্যে মুগ্ধ ছিলেন। তিনি লালনের কিছু কিছু গান তাঁর এক কর্মচারীর দ্বারা নকল করিয়ে সংগ্রহ করেন। এ পর্যন্ত লালন ফকিরের সাড়ে চারশোর বেশি গান মুদ্রিত হয়েছে।

(ক) বাউল সঙ্গীতকারদের মধ্যে কারা বিখ্যাত ? ১

(খ) কত খ্রিষ্টাব্দে কোথায় লালন ফকিরের জন্ম হয় ? ২

(গ) বসন্তরোগে আক্রান্ত লালনকে সেবা শুশ্রূষা করেছিলেন ? ১

(ঘ) লালনের আখড়া কোথায় ছিল ? ১

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুর কিভাবে লালনের গান সংগ্রহ করেছিলেন ? এ পর্যন্ত লালনের কতটি গান মুদ্রিত হয়েছে ? ২

২৯। সারাংশ লেখ ঃ ৩

কর্মময় এ পৃথিবী। এখানে ঘুমিয়ে জীবন কাটাতে কেউ আসেনি। যে ঘুমিয়ে জীবন কাটাল, তার পৃথিবীকে জানা হল না। ঘুম ভেঙ্গে সে যদি একবার বহির্বিশ্বের দিকে দৃষ্টি দিত, তাহলে দেখতে পেত, দিকে দিকে কি বিপুল কর্মোচ্ছ্বাস। এরই মধ্যে জীবনের আস্বাদ গ্রহণ করতে হবে। কারণ পৃথিবী কর্মময়। কর্মেই মানুষের প্রকৃত পরিচয়। অতএব আত্মশক্তিতে উদ্বুদ্ধ হয়ে আপন ভাগ্য রচনার জন্য কর্মে ব্রতী হতে হবে। পথ দুর্গম, অন্তহীন। কিন্তু মানুষ পথের দুর্গমতাকে উপেক্ষা করতে পারলে একদিন নিজেকে সুপ্রতিষ্ঠিত করতে সক্ষম হবে।

## UNIT – IV (Writing)

### 'ঘ' গুচ্ছ ঃ (লিখন)

৩০। মনে করো তুমি পল্লীশ্রী ক্লাবের ফুটবল টিমের ক্যাপ্টেন। ২৪শে এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে বিকাল ৪ টায় বিদ্যামন্দির স্কুলের মাঠে সানরাইজ ক্লাবের সঙ্গে পল্লীশ্রী ক্লাবের একটি প্রীতি ফুটবল খেলা হবে। তোমার ক্লাবের সদস্যরা যাতে নির্দিষ্ট দিনে মাঠে উপস্থিত থাকে এই মর্মে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

৩১। বিদ্যুতের খুঁটির উপর গাছ পড়ে তার ছিন্ন হয়ে যাওয়ায় রাজপুর গ্রাম ও সন্নিহিত অঞ্চলে বিদ্যুত সরবরাহ বন্ধ হয়ে গেছে। ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এই মর্মে একটি প্রতিবেদন রচনা কর। ৩

৩২। ইম্ফল পূর্ব জেলার বাসিন্দা মীরাবাঈ চানু ২০২০ টোকিও অলিম্পিকে ভারোত্তলনে ৪৯ কেজি বিভাগে রৌপ্য পদক জয় করে ভারতবর্ষকে গৌরবান্বিত করেছে। মীরাবাঈ এর আগে ২০১৭ সালে ক্যালিফোর্নিয়াতে অনুষ্ঠিত বিশ্ব ভারোত্তলন প্রতিযোগিতায় স্বর্ণপদক লাভ করেছিল। খেলাধুলায় অবিস্মরণীয় অবদানের জন্য ইতিপূর্বে তাঁকে মেজর ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কার ও পদ্মশ্রী পুরস্কার প্রদান করা হয়েছে। মীরাবাঈ চানুর এই সাফল্যে অনুপ্রাণিত হবার বার্তা দিয়ে তোমার ছোট বোনের কাছে একটি চিঠি লেখ। ৮

(চিঠিতে তোমার নাম লিখবে – 'ক'। ঠিকানা লেখার প্রয়োজন নেই।)

৩৩। নিম্নোক্ত যে কোনো একটি বিষয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা কর ঃ ১২

(ক) পরিবেশ দূষণ ও প্রতিকার

(খ) ছাত্র সম্প্রদায় ও সমাজসেবা

(গ) তোমার প্রিয় একজন লেখক – যিনি তোমাকে অনুপ্রাণিত করেছেন।

(ঘ) করোনা অতিমারীর প্রকোপ ও সমাজজীবনে এর প্রভাব।

## UNIT – V (Functional Grammar)

### 'ঙ' গুচ্ছ ঃ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। সমাসে যে নূতন পদ গঠিত হয়, তাকে কী বলে ? ১

৩৫। ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর ঃ চিরস্থায়ী ১

৩৬। ধাতুর সঙ্গে যে প্রত্যয় যুক্ত হয়ে নূতন শব্দ গঠন করে, তাকে কী বলে ? ১

৩৭। দীর্ঘ + তর = দীর্ঘতর । – কী প্রত্যয় ? ১

৩৮। কারক বিভক্তি নির্ণয় কর ঃ ১×৩=৩

(ক) বুলবুলিতে ধান খেয়েছে।

(খ) তিলেতে তেল হয়।

(গ) কাঁচা বাঁশেতে অল্পদিনেই ঘুন ধরে।

৩৯। অশুদ্ধি সংশোধন কর ঃ ১×৩=৩

কল্যানীয়াষু ; উৎকর্ষতা ; ভৌগলিক।